দৈনিক
ইত্তেফাক

04 APR 2008



বৃহস্পতিবার রাজধানীর বসুন্ধরা সিটিতে আয়োজিত শিক্ষা মেলায় শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা সম্পর্কিত তথ্য জানার জন্য স্টলগুলোতে ভিড় জমায় –ইয়াসিন বাবুল

# বসুন্ধরায় আন্তর্জাতিক শিক্ষা মেলা শুরু

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

গতকাল বৃহস্পতিবার থেকে রাজধানীর বসুন্ধরা সিটিতে শুরু হয়েছে "দ্বিতীয় ঢাকা আন্তর্জাতিক শিক্ষা মেলা" চারদিনব্যাপী আয়োজিত এ মেলায় দেশি-বিদেশি শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান ও কাউন্সিলিং ফার্ম অংশগ্রহণ করে।

গতকাল চারদিনব্যাপী মেলার উদ্বোধন করেন কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, মেধাবী শিক্ষার্থীদের এদেশের বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে আগ্রহ সৃষ্টি করা উচিত। তিনি বলেন, বিদেশে গিয়ে শিক্ষার্থীরা যেন প্রতারণার শিকার না হন সে বিষয়ে খেয়াল রাখতে হবে। উচ্চ শিক্ষায় বিদেশে যেতে হলে অবশ্যই প্রতিষ্ঠান সম্পর্কে তথ্যগুলো যাচাই করা উচিত। মেলার আয়োজক ই-থ্রি সলিউশনের চেয়ারম্যান এজেডএম ফজলে রাব্বি খান এবং ব্যবস্থাপনা পরিচালক রেজাউল করিম ভূইয়া প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। মেলায় দেশের এবং দেশের ইনস্টিটিউট, স্টুডেন্ট কাউন্সিলিং, ইমিগ্রেশন এবং ভাষা শিক্ষা ইনস্টিটিউটের স্টল রয়েছে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন বিষয়ের ওপর কোর্স অফারসহ সেমিস্টারের সময় ও আনুষঙ্গিক তথ্য প্রদান করে।

মেলা কর্তৃপক্ষ জানান, এ মেলার মাধ্যমে আগ্রহী শিক্ষার্থীরা একদিকে দেশের বাইরের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে জানতে পারবে অন্যদিকে বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া, টিউশন ফিস অন্যান্য সুযোগ-সুবিধা জানার মাধ্যমে নিজেদে উচ্চ শিক্ষা লাভের পথ প্রসারিত করতে পারবে মেলা ৬ এপ্রিল পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত থাকবে। মেলায় প্রবেশ মূল ১০ টাকা। মেলার মিডিয়া পার্টনার চ্যানেল আই দৈনিক ইত্তেফাক, ডেইলি স্টার, বিডি জবস ও রেডিও টুডে।